

## External Affairs Minister's meeting with State Councilor and Foreign Minister of China, H.E. Mr. Wang Yi on the sidelines of G20 Foreign Ministers' Meeting

July 07, 2022

### জি 20 বিদেশমন্ত্রীদের বৈঠকের ফাঁকে চিনের স্টেট কাউন্সিলর এবং বিদেশমন্ত্রী হিজ এক্সেলেন্সি শ্রী ওয়াং ঙ্গ-র সাথে পররাষ্ট্র বিষয়ক মন্ত্রীর বৈঠক

জুলাই 07,2022

07 জুলাই 2022 – এ ইন্দোনেশিয়ার বালিতে জি 20 বিদেশমন্ত্রীদের বৈঠকের ফাঁকে চিনের স্টেট কাউন্সিলর এবং বিদেশমন্ত্রী হিজ এক্সেলেন্সি শ্রী ওয়াং ঙ্গ-র সাথে পররাষ্ট্র বিষয়ক মন্ত্রী(ইএএম) বৈঠক করেছেন।

2. বিদেশমন্ত্রী পূর্ব লাডাখের প্রকৃত নিয়ন্ত্রণ রেখা বরাবর বকেয়া সমস্যাগুলির দ্রুত সমাধানের জন্য আহ্বান জানিয়েছেন। কয়েকটি সংঘর্ষপূর্ণ এলাকায় সৈন্য সমাবেশ সরিয়ে নিয়ে যাওয়ার কাজ সম্পূর্ণ হবার কথা স্মরণ করে, সীমান্ত এলাকায় শান্তি ও সুস্থিতি পুনরুদ্ধার করার জন্য বাকি সমস্ত এলাকা থেকে সম্পূর্ণ সৈন্য সমাবেশ সরানোর গতি বজায় রাখার প্রয়োজনীয়তার কথা বিদেশমন্ত্রী পুনরায় ব্যক্ত করেছেন। তিনি দ্বিপাক্ষিক চুক্তি এবং প্রোটোকলকে এবং দুই মন্ত্রীর পূর্ববর্তী আলোচনা চলাকালীন তাদের মধ্যে যে বোঝাপড়ায় পৌঁছানো হয়েছিল তাকে সম্পূর্ণ মেনে চলার গুরুত্বকে পুনরায় দৃঢ়তার সাথে উল্লেখ করেছেন। এই প্রসঙ্গে, উভয়মন্ত্রী দৃঢ়তার সাথে উল্লেখ করেছেন যে, দুই পক্ষের সামরিক এবং কূটনৈতিক আধিকারিকদের নিয়মিত যোগাযোগ চালিয়ে যাওয়া উচিত এবং অতিশীঘ্র কোনও এক তারিখে উচ্চপদস্থ কমান্ডারদের পরবর্তী বৈঠকের দিকে তারা তাকিয়ে আছেন। বিদেশমন্ত্রী পুনরায় ব্যক্ত করেছেন যে, ভারত-চীন সম্পর্ক, পারস্পরিক শ্রদ্ধা, পারস্পরিক সংবেদনশীলতা এবং পারস্পরিক স্বার্থ, এই তিনটিকে পর্যবেক্ষণ করে সর্বোত্তমভাবে সাধন করা হয়ে থাকে।

3. বিদেশমন্ত্রী 2022 -এর মার্চ মাসে দিল্লিতে হিজ এক্সেলেন্সি শ্রী ওয়াং ঙ্গ-র সাথে তার বৈঠকের কথা পুনরায় উল্লেখ করেছেন এবং তারপরে শিক্ষার্থীদের প্রত্যাবর্তন সহ কয়েকটি মুখ্য বিষয়ের অগ্রগতির পর্যালোচনা করেছেন। বিদেশমন্ত্রী অতি শীঘ্র শিক্ষার্থীদের প্রত্যাবর্তন প্রক্রিয়াকে সম্প্রসারণ এবং সুবিধা প্রদান করার প্রয়োজনীয়তার উপরে জোর দিয়েছেন।

4. দুই মন্ত্রী অন্যান্য আঞ্চলিক এবং বৈশ্বিক ঘটনাবলী নিয়ে তাদের দৃষ্টিভঙ্গির বিনিময়ও করেছেন। বিদেশমন্ত্রী হিজ এক্সেলেন্সি শ্রী ওয়াং ঙ্গ, এইবছরে ব্রিক্স-এ চিনের সভাপতিত্বকালে ভারতের সমর্থন প্রদানের জন্য ভারতের প্রশংসা করেছেন এবং আসন্ন জি20 এবং এসসিও-র সভাপতিত্বকালে ভারতকে চিনের সমর্থনের বিষয়ে আশ্বাস দিয়েছেন। তারা নিজেদের মধ্যে যোগাযোগ রাখার বিষয়ে সম্মত হয়েছেন।

বালি

জুলাই 07, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.